

১৩/১২/১৯

ই-নথিতে উপস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
শের-ই-বাংলা নগর, গিএসসি সড়ক, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নং-৮০.১১০.০৩৮.০০.০০.০০১.২০১৮-৭

তারিখঃ ০২ জানুয়ারি ২০১৯

বিষয়ঃ সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষার সিলেবাস ও নীতিমালায় গেজেট কপি প্রেরণ।

সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষার সিলেবাস ও নীতিমালা বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে। উক্ত গেজেটের ১ (এক) টি কপি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংলগ্নী : বর্ণনামতে।

(আবদুল্লাহ-আল-মামুন)
পরিচালক
ফোন : ৫৫০০৬৩৩১।

প্রাপক : সিনিয়র সচিব/সচিব

সংলগ্নী : বর্ণনামতে।

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় প্রশাসন অনুবিভাগ	
ডায়েরী নং- ৭৪	তারিখঃ ২৬/১২/১৯
অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা)	
সচিব (বন)	
সচিব (বাজেট)	
অতিরিক্ত কর্মকর্তা	
অতিরিক্ত সচিব (প্রশাসন)	

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় সচিবের দপ্তর	ইস্যু নম্বর: তারিখঃ
অতিরিক্ত সচিব (প্রশাসন)	<input type="checkbox"/> জরুরী ভিত্তিতে ব্যবস্থা নিল।
অতিরিক্ত সচিব (জলবায়ু)	<input type="checkbox"/> জরুরী উপস্থাপন করুন।
অতিরিক্ত সচিব (পরিবেশ)	<input type="checkbox"/> পরীক্ষণে উপস্থাপন করুন।
অতিরিক্ত সচিব (গণসংযোগ)	<input type="checkbox"/> প্রয়োজনীয় ব্যবস্থা নিল।
অতিরিক্ত সচিব (জলবায়ু)	
সচিবের একান্ত সচিব	

প্রশাসন অধিশাখা	
নং ৩০	তারিখঃ ২৬/১২/১৯
অতিরিক্ত সচিব/সহকারী সচিব প্রশাসন শাখা-৩	
উপসচিব প্রশাসন শাখা-৩	১৩/১২/১৯
প্রোগ্রামার	
বিস্তারিত রক্ষণ কর্মকর্তা	
সহকারী পরিচালক	
অতিরিক্ত কর্মকর্তা	
স্বাক্ষর	

প্রশাসন	১
ডায়েরী নং	৪২
তারিখ	২০/১২/১৯

প্রেস বিজ্ঞপ্তি

নং-৮০.১১০.০৩৮.০০.০০.০০১.২০১৮-১০

তারিখঃ ১০ জানুয়ারি ২০১৯

বিষয়ঃ সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা ডিসেম্বর, ২০১৮।

সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) কর্মকর্তাদের কমিশন কর্তৃক জারিকৃত নীতিমালা অনুযায়ী নির্ধারিত ডিসেম্বর, ২০১৮ সালের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা ২০১৯ সনের মার্চ মাসে অনুষ্ঠিত হবে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাগণকে online-এ আবেদনপত্র (soft copy) আগামী ১৭ জানুয়ারি ২০১৯ তারিখ রাত ১২.০০ টা থেকে শুরু করে ৩১ জানুয়ারি ২০১৯ তারিখ রাত ১২.০০ টার মধ্যে নির্ভুলভাবে দাখিল করতে হবে এবং online আবেদনপত্র দাখিলের পর সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) কর্মকর্তাদের সিনিয়র স্কেল (পদোন্নতির জন্য) পরীক্ষা নীতিমালা, ২০১৮ অনুযায়ী আগামী ০৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদনপত্রের soft copy এর hard copy -এর যথাস্থানে পরীক্ষার্থী এবং তার এক ধাপ উর্ধ্বতন কর্তৃপক্ষের নাম সম্বলিত সিল স্বাক্ষরসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে অবশ্যই সরাসরি সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, পিএসসি সড়ক, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর প্রেরণ করতে হবে। কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে উক্ত আবেদনপত্রের hard copy যাচাই-বাছাই পূর্বক পরীক্ষা গ্রহণ করা হবে। নির্ধারিত তারিখের পরে কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাই হোক না কেন, সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২. আবেদনপত্রের online form যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের সাথে চাকরি স্থায়ীকরণের সত্যায়িত গেজেট কপি এবং সত্যায়িত পাসপোর্ট সাইজের ০১(এক) কপি ছবি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের hard copy এর যথাস্থানে আবেদনকারী ও তার এক ধাপ উর্ধ্বতন কর্তৃপক্ষের নাম সম্বলিত সিলসহ স্বাক্ষর/প্রতিস্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র (hard copy) বাতিল বলে গণ্য হবে। যে কোন ধরনের ত্রুটিযুক্ত বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র (hard copy) সরাসরি বাতিল বলে গণ্য হবে। বিধি অনুযায়ী অযোগ্য আবেদনকারী এবং ভুল তথ্য প্রদানকারী পরীক্ষার্থীর আবেদনপত্র বা প্রার্থিতা পরীক্ষার পূর্বে বা পরীক্ষায় উত্তীর্ণ হবার পরেও বাতিল হতে পারে, অর্থাৎ যে পর্যায়ে ত্রুটি ধরা পড়বে সে পর্যায়েই বাতিল হবে।

৩. শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর জন্য সর্বশেষ তারিখ পর্যন্ত অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত online-এ আবেদনপত্র দাখিলের পরামর্শ দেয়া যাচ্ছে।

৪. Online-এ BPSC Form-9 পূরণের নিয়মাবলী :

পরীক্ষার্থীকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd এর মাধ্যমে কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র (Form-9) পূরণ করে Online Registration কার্যক্রম সম্পন্ন করতে হবে। কমিশনের ওয়েব সাইটটি open করে অন-লাইন রেজিস্ট্রেশন সেবা বক্রে সিনিয়র স্কেল পরীক্ষা লিংকে ক্লিক করতে হবে। এরপর সিনিয়র স্কেল (ক্যাডার বহির্ভূত) পরীক্ষা লিংকে ক্লিক করতে হবে। ফর্ম পূরণের পূর্বে পরীক্ষার্থীগণ Instruction অংশটি Download করে প্রতিটি নির্দেশনা ভাল করে পড়বেন। BPSC Form-9 এর ৪ (চার) টি Section রয়েছে। Section-1: Personal Details, Section-2: Service Related Information, Section-3: Examination Related Information, Section-4: ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলী রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং BPSC Form-9 এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য সুক্ষভাবে অনুসরণ করে Form পূরণ করতে হবে। এ জন্য পরীক্ষার্থীদের National ID card এর নম্বর, ছবি {ইমেজ ৩০০x৩০০ পিক্সেলস (Pixels) ফাইল সাইজ ১০০ কেবি এর নিচে} এবং স্বাক্ষর {ইমেজ ৩০০x৮০ পিক্সেলস (Pixels) ফাইল সাইজ ৩০ কেবি এর নিচে} প্রয়োজন হবে।

ক্রমশ/০২

